



وَمَا تَدْرِي لَعْنَةُ الرَّجُلِ الَّذِي فَاتَىٰ رَأْسَهُ وَلَا تَدْرِي لَعْنَةُ الرَّجُلِ الَّذِي فَاتَىٰ رَأْسَهُ وَلَا تَدْرِي لَعْنَةُ الرَّجُلِ الَّذِي فَاتَىٰ رَأْسَهُ

MASJID COUNCIL

مجلس المساجد للتقدم الاجتماعي
for Community Advancement (MACCA)

আবদুল্লাহ ইবনে আমর [রা.] হতে বর্ণিত, “দয়াবানদের প্রতি রহমান (আল্লাহ) দয়া করেন। তোমরা দুনিয়াবাসীর প্রতি দয়া করো; [তাহলে] যিনি আসমানে আছেন তিনি অর্থাৎ আল্লাহ তোমাদের প্রতি দয়া করবেন। -সুনান তিরমিযী, হাদীস নং: ১৯২৪।

- কুরআন নাযিলের মাস রমযানে কুরআন বুঝার চেষ্টা করুন
- ছাওয়ানের কাজে প্রতিযোগিতা করুন
- বেশী বেশী আল্লাহর রাহে খরচ করুন
- ইসলামী সমাজ গড়ার কাজে সহযোগিতা করুন
- আল্লাহর সন্তোষ্টি অর্জনের লক্ষ্যে কাজ করুন

মসজিদ কাউন্সিলের আবেদন

প্রিয় ভাই ও বোনেরা,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

আশা করি ভাল আছেন। রমযানের আগমনের সাথে সাথে প্রত্যেক বছর আমরা আপনাদের খিদমতে আবেদন পেশ করে থাকি। এ মহিমাশ্রিত মাসে সারা দুনিয়ার মুসলমানরা রাসুলুল্লাহর (স.) সুন্যাহ অনুসরণ করে যাকাতসহ অন্যান্য দান-খয়রাতের মাধ্যমে গরীব-অসহায় মানুষের সাহায্যে এগিয়ে আসেন। মসজিদ কাউন্সিল গরীব-দুঃখী মানুষের দারিদ্র্য ও কষ্ট লাঘবে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করছে। রমযান মাসে আপনারা বেশি বেশি সাহায্য করুন। বিগত কয়েক বছর ধরে আপনাদের যাকাত ও অনুদান মসজিদ কাউন্সিলের তহবিলের প্রধান উৎসে পরিণত হয়েছে আলহামদুলিল্লাহ।

আল্লাহর মেহেরবানীতে আপনাদের দান গরীব-দুঃখী মানুষের উপকারে আসছে। গরীব মানুষের কল্যাণ ও দারিদ্র্য বিমোচনে যাকাত ভিত্তিক ‘হাসানা’ কর্মসূচী একটি নতুন মডেলের রূপ নিয়েছে।

‘চিলড্রেন ওয়েলফেয়ার প্রোগ্রাম’ [সিডব্লিউপি] এতিম, বঞ্চিত ও পরিত্যক্ত শিশুদের জীবন-জীবিকা, স্বাস্থ্য, শিক্ষা এবং অধিকার প্রতিষ্ঠায় নিরন্তরভাবে ভূমিকা রাখছে। বিভিন্ন সচেতনতা ও প্রচারণামূলক কর্মসূচী বেগবান হচ্ছে। হতদরিদ্র মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য কাজ এগিয়ে চলছে। ইমামগণ যাতে নামাযের পাশাপাশি সমাজ গড়ার কাজে নেতৃত্ব দিতে পারেন সেজন্য তাদেরকে উন্নয়নের মূলধারায় নিয়ে আসার জন্য বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচী বাস্তবায়ন করছে মসজিদ কাউন্সিল।

আমরা গভীরভাবে আশাবাদী যে আপনারা উত্তরোত্তর আপনাদের সহযোগিতা বৃদ্ধি করবেন। আপনাদের অব্যাহত সাহায্য গরীব-দুঃখী মানুষের মুখে হাসি ফোটাতে ইনশাআল্লাহ। আমরা বিনয়ের সাথে আপনাদেরকে আশ্বস্ত করছি যে, আপনাদের প্রদত্ত যাকাতসহ সকল দান-অনুদান অত্যন্ত স্বচ্ছতার সাথে ব্যয় করা হয়।

আসুন রমযান মাসকে গরীব-দুঃখী মানুষের কল্যাণে বিশেষভাবে কাজে লগাই। আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা পছন্দনীয় পথে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখি।

আপনার ও আপনার পরিবারের সার্বিক কল্যাণ কামনা করছি। শান্তি ও নিরাপত্তা কামনায় দোয়াসহ-
আপনাদের ভাই,

[মওলানা] আবুল কালাম আযাদ
চেয়ারম্যান

নিম্নোক্ত ব্যাংক হিসাবে আপনারা যাকাতসহ অন্যান্য অনুদান পাঠাতে পারেন।

মসজিদ কাউন্সিল ফর কমিউনিটি অ্যাডভান্সমেন্ট
মুদারাবা সঞ্চয়ী হিসাব নম্বর : ১০২৬২
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড
উত্তরা শাখা, ঢাকা।

মসজিদ কাউন্সিল ফি-সাবিলিল্লাহ
মুদারাবা সঞ্চয়ী হিসাব নম্বর : ৮৯০৯
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড
উত্তরা শাখা, ঢাকা।

বি. দ্র. : ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর যেকোন শাখা থেকে অনলাইনের মাধ্যমে জমা করা যায়।

● সুইফট কোড: IBBL BDDH-207

● যে কোন বিষয় জানতে ফোন করুন : ৮৮-০১৫৫২-৪০৮৭১৬ [হট লাইন]

House : 06 (level 2 & 3), Road : 33, Sector : 07, Uttara, Dhaka-1230, Bangladesh, Phone: 88-02-8954305, 88-02-8922008
Fax: 88-02-8922008, E-mail : macca@dhaka.net, Web: www.masjidcouncilbd.org, www.zakatguide.org, www.jiggasha.com